রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ২৮, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ১৪ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ/২৮ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং-৬৯-আইন/আয়কর/২০২২।—সরকার, Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপনকে কেন্দ্র করিয়া দেশি-বিদেশি শিল্পী ও কলাকুশলীদের অংশগ্রহণে ২৯ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে আয়োজিতব্য Cricket Celebrates Mujib 100 অনুষ্ঠানের জন্য নিম্নে উল্লিখিত ক্ষেত্রসমূহের উপর আরোপণীয় সকল প্রকার আয়কর প্রদান হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা:—

(ক) অংশগ্রহণকারী দেশী-বিদেশী শিল্পী ও কলাকুশলীদের ফি বা পারিশ্রমিক, আবাসন বা হোটেল ভাড়া, বিমান ভাড়া, যাতায়াত খরচসহ অন্যান্য খরচের উপর আরোপণীয় সকল প্রকার আয়কর;

(খ) অনুষ্ঠানের ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান কর্তৃক অনুষ্ঠানের জন্য বিদেশ হইতে আমদানিতব্য বিভিন্ন যন্ত্রপাতি, সাউন্ড সিস্টেমস্, লাইট, LED স্ক্রিন, স্টেজ নির্মাণ সামগ্রী ও Fireworks Display (আতশবাজী) সামগ্রীর উপর আরোপণীয় উৎসে আয়কর; এবং

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(গ) টেলিভিশন প্রোডাকশন ব্যয়ের উপর আরোপণীয় সকল প্রকার আয়কর।

শর্ত

কর অব্যাহতিপ্রাপ্ত অর্থ দেশের ক্রিকেটের সামগ্রিক উন্নয়ন কার্যক্রমে ব্যয় করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com